



দাঁড়িপাল্লা প্রতীকসহ জামায়াতের নিবন্ধন পুনর্বহাল করলো ইসি



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর রাজনৈতিক দল হিসেবে নির্বাচন কমিশনের (ইসি) নিবন্ধন পুনঃপ্রাপ্তির মাধ্যমে ফের রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণের পথ খুলে গেল। দলটি তাদের দীর্ঘদিনের রাজনৈতিক প্রতীক দাঁড়িপাল্লাও পুনরায় লাভ করেছে।

আজ মঙ্গলবার (২৪ জুন) নির্বাচন কমিশনের সিনিয়র সচিব মো. আখতার হামিদের স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে। এতে উল্লেখ করা হয়, আইনি প্রক্রিয়া ও সংশ্লিষ্ট নিয়মাবলি পর্যালোচনার পর জামায়াতের আবেদন বিবেচনায় নিয়ে নিবন্ধন পুনর্বহাল করা হয়েছে।

প্রসঙ্গত, একাধিক মামলার প্রেক্ষিতে দীর্ঘদিন ধরে রাজনৈতিক কার্যক্রমে নিষেধাজ্ঞার মুখে থাকা জামায়াতে ইসলামীর জন্য এ সিদ্ধান্ত নতুন মোড় তৈরি করেছে।

এ সিদ্ধান্তের ফলে আগামী জাতীয় ও স্থানীয় নির্বাচনগুলোতে জামায়াতে ইসলামী পুনরায় প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে।

LENS ASIA